বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এ.টি.এস. এপারালস লিমিটেড
৪১৪ কোচাকুরি, তালিরচালা, মৌচাক, গাজীপুর, বাংলাদেশ

শিল্প প্রতিষ্ঠানসমূহ:

১. এ.টি.এস. এপারালস লিমিটেড

পরিদর্শক: হেমলাল দাহাল

প্রতিবেদক: থান

পরিদর্শনের দিন ১০ এপ্রিল, ২০১৪

ACCORD on Fire and Building Safety in Bangladesh

সারসংক্ষেপঃ

এ টি এস এপারালস লিমিটেড এর একটি ৬ তলা, একটি ২ তলা ও চারটি পৃথক শেড রয়েছে। বিল্ডিংটি ২০০৫ সালে তৈরী হয়েছিল। ফ্যাক্টরিতে ২২৫০ জন শ্রমিক নিয়মিত কাজ করে।

Woosun Energy & Construction Ltd.(WEC) কর্তিক ফ্যাক্টরিটির বৈদ্যুতিক নিরাপত্তা বিষয়ে জরিপ করা হয়। এ জরিপের উদ্দেশ্য ছিল বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত উল্লেখযোগ্য ত্রুটিসমূহ শনাক্তকরন ও **ACCORD** এর সহায়তায় উপযুক্ত ও গ্রহণযোগ্য প্রতিকারমূলক নির্দেশনা দেয়া। এ পরিদর্শন কেবলমাত্র বৈদ্যুতিক নিরাপত্তা সংশ্লিষ্ট প্রধান ত্রুটিসমূহ শনাক্তকরণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। যদিও খুঁটিনাটি যে সকল সমস্যা রয়েছে তা এ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত হয়নি তবে পরবর্তীতে বিশদ পরিদর্শনকালে তা অন্তর্ভুক্ত করা হবে।

পরিদর্শনকালে শনাক্তকৃত বৈদ্যুতিক নিরাপত্তাজনিত প্রধান বিষয়গুলো নিম্নে সংক্ষেপে ছকাকারে প্রদান করা হল। ত্রুটিসমূহের সংশ্লিষ্ট প্রতিকার/পরামর্শ উক্ত বিষয়সমূহের সাথে উল্লেখ করা হয়েছে।

উল্লেখিত সকল ত্রুটিসমূহ সংশোধনের লক্ষে কারখানা কতৃপক্ষ-কেন্দ্রিক কর্মসূচী গ্রহন করতে হবে। এক্ষেত্রে সংশোধনের সময়সীমা ও নকশা/পরামর্শ সংক্রান্ত যেকোনো আবেদন **ACCORD** কতৃক অনুমোদিত হওয়া আবশ্যক।

অনুসন্ধান এবং পরামর্শ

অনুসন্ধান #: ই- ১

বিভাগ: সার্ভিস লাইন

অনুসন্ধান:

পোল হতে টানা এইচ টি সার্ভিস ক্যাবল সম্পূর্ণ ভাবে সুরক্ষিত নয়।

পরামর্শ:

১১কেভি এর বৈদ্যুতিক খুঁটি থেকে টানা এইচ টি ক্যাবল প্রয়োজনীয় আকারের স্টিলের পাইপ বা পিভিসি পাইপের মধ্যে স্থাপন করা আবশ্যক; পাইপ ভূমি থেকে ২ মিটার উপর পর্যন্ত স্থাপন করতে হবে চলাচলকারী কোন বস্তু হতে ক্যাবলকে রক্ষা করতে।

ত্রুটিপূরণের সময়সীমা: ৩ মাসের মধ্যে

বৈদ্যুতিক খুঁটি থেকে টানা এইচ টি ক্যাবল সুরক্ষিত নয়।

অনুসন্ধান #: ই- ২

বিভাগ: ট্রান্সফরমার রুম

অনুসন্ধান:

ট্রান্সফরমার তার-জালী দিয়ে ঘিরে রাখা আছে।

পরামর্শ:

ছাদ পর্যন্ত উচ্চতা বিশিষ্ট দেয়াল দিয়ে ট্রান্সফরমারের জন্য আলাদা রুম স্থাপন করতে হবে। ট্রান্সফরমার রুমের আয়তন কমপক্ষে ১০- ১৩ বর্গ,মিঃ হওয়া আবশ্যক(বি.এন.বি.সি ২০০৬, পরিচ্ছেদঃ২.৬.৩ অনুসারে)

ত্রুটিপূরণের সময়সীমা: ৩ মাসের মধ্যে

ট্রান্সফরমার এর জন্য পৃথক রুম নেই।

অনুসন্ধান #: ই- ৩	 ট্রান্সফরমার এর এল টি বুশিং এ তেল পড়ে আছে।
বিভাগ: ট্রান্সফরমার রুম	
অনুসন্ধান: ট্রান্সফরমারের উপর থেকে (এল,টি বুশিং গড়িয়ে) তেল নির্গত হচ্ছে।	
পরামর্শ: এল,টি ক্যাবলে এইরূপে অবলম্বন প্রদান করতে হবে যাতে করে এল,টি বুশিং প্রান্তে কোন প্রকার অতিরিক্ত চাপ সৃষ্টি না হয়,যার কারনে বুশিং-এর মধ্য দিয়ে কোন লিকেজ না ঘটে।	
ক্রটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে	

অনুসন্ধান #: ই- ৫	 ক্যাবল সুরক্ষিত ও অবলম্বিত নেই।
বিভাগ: ক্যাবল ও ক্যাবল সাপোর্ট	
অনুসন্ধান: চেঞ্জ ওভার সুইচ এবং ডিস্ট্রিবিউশন প্যানেল এ আগত তারগুলো এর সাপোর্ট নেই।	
পরামর্শ: আচ্ছাদিত তারের মই বা আদর্শ সুইচ এবং বিতরণের প্যানেল থেকে বাতিল তারের সাপোর্ট সচ্ছিদ্র তারের ট্রে তে প্রদান।	
ক্রটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে	

অনুসন্ধান #: ই- ৬

বিভাগ: ডিস্ট্রিবিউশন ও এল টি প্যানেল

অনুসন্ধান:

দেয়ালে কাঠের সুইচবোর্ড স্থাপন করা আছে এবং সুরক্ষামূলক যন্ত্রাদি আবৃত নয়।

পরামর্শ:

যথাযথ সুইচবোর্ডের দ্বারা কাঠের সুইচবোর্ড প্রতিস্থাপন করতে হবে।সুরক্ষামূলক যন্ত্রাদি 20 SWG বেধ ধাতব সুরক্ষাআবরণে তৈরি একটি ধাতব আবরকের ভিতরে স্থাপন করতে হবে।

ত্রুটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে

এমসিবি কাঠের সুইচ বোর্ডে স্থাপিত এবং এর আবরণ নেই।

অনুসন্ধান #: ই- ৭

বিভাগ: ট্রান্সফরমার রুম

অনুসন্ধান:

ট্রান্সফরমার ব্রিথারের নিচে তেলের কাপটি খালি।

পরামর্শ:

ব্রিদার অয়েল কাপ অবশ্যই প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট পরিমান তেল দিয়ে পূর্ণ করতে হবে।

ত্রুটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে

তৈল এর কাপ টি খালি

অনুসন্ধান #: ই- ৮	ল্যাডারের উপর ক্যাবল সজ্জিত নয়।
বিভাগ: ক্যাবল ও ক্যাবল সাপোর্ট	
অনুসন্ধান: তারের মই এর মধ্যে বহনকৃত তারগুলো যথাযথ ব্যবস্থা নেই।	
পরামর্শ: তারের মই এর উপর তারগুলোকে ঢেকে সারিবদ্ধ ভাবে সাজাতে হবে। সহজে সনাক্তকরন এবং রক্ষন করার জন্য তারের উপর ট্যাগ রাখুন।	
ত্রুটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে	

অনুসন্ধান #: ই- ৯	ক্যাবলে চ্যানেলের উপর আবরণ নেই।
বিভাগ: ক্যাবল ও ক্যাবল সাপোর্ট	
অনুসন্ধান: সুতা ও ধুলাবালি পরিপূর্ণ অনাবৃত কেব্‌ল চ্যানেল পাওয়া গেছে	
পরামর্শ: সবগুলো ক্যাবল চ্যানেলগুলো পরিস্কার করুন এবং কীট পতঙ্গ ও ধুলাবালি থেকে মুক্ত রাখতে ধাতব কভার প্রদান করুন। ক্যাবল চ্যানেলটি পরিস্কার রাখতে এবং বিপদ মুক্ত রাখতে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার জন্য একটি তালিকা তৈরী করুন।	
ত্রুটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে	

অনুসন্ধান #: ই- ১০

বিভাগ: সার্ভিস লাইন

অনুসন্ধান:

১১ কে ভি ওভার হেড সংযোগ হতে টানা এইচ টি ক্যাবল পোলের সাথে দৃঢ়ভাবে সমর্থিত নয়।

পরামর্শ:

১১কেভি এর বৈদ্যুতিক খুঁটি থেকে টানা এইচ টি ক্যাবল পোলের সাথে প্রয়োজনীয় স্যাডল ক্ল্যাম্প দ্বারা দৃঢ়ভাবে আটকানো আবশ্যক।

ত্রুটিপূরণের সময়সীমা: ৩ মাসের মধ্যে

এইচ টি ক্যবলের যথাযথ অবলম্বন নেই।

অনুসন্ধান #: ই- ১১

বিভাগ: সার্ভিস লাইন

অনুসন্ধান:

ফ্লেক্সিবল পাইপে আবৃত কেবল সম্পূর্নভাবে আবৃত নয়।

পরামর্শ:

ক্যাবলের সম্পূর্ন দৈর্ঘ্য সুরক্ষা প্রদান করতে ভূমির উপর এবং উন্মুক্ত ওয়্যারিং এর সম্পূর্ন দৈর্ঘ্যজুড়ে দৃঢ় পিভিসি পাইপ ব্যাবহার করুন। ফ্লেক্সিবল পাইপ এর বাঁকযুক্ত স্থান যথাযথ ফিটিং দিয়ে আটকাতে হবে।

ত্রুটিপূরণের সময়সীমা: ১ মাসের মধ্যে

ক্যাবল ফ্লেক্সিবল পাইপ দ্বারা আবৃত।